

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
আইসিটি প্রমোশন শাখা  
[www.ictd.gov.bd](http://www.ictd.gov.bd)

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৬.২৩.০৪২.১৭ (২য় খন্ড)-৭৮

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ  
২১ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উদ্বোধন উপলক্ষে বাণিজ্য মেলা প্রাঙ্গণে তাবু স্থাপনের অনুমতিসহ সার্বিক সহযোগিতা প্রদান প্রসংগে।

সূত্র: আইসিটি বিভাগের স্মারক নম্বর ৫৬.০০.০০০০.০২৬.২৩.০৪২.১৭ (২য় খন্ড)-৭৫; তারিখ: ১৭/১১/২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশব্যাপী বর্ণাঢ্যভাবে ৩য় বারের মত “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উদ্বোধিত হবে। এ বছরে দিবসটির প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে “সত্য-মিথ্যার যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে”। উল্লেখ্য বর্তমান সরকারের ঘোষিত রূপকল্প ২০২১ তথা “ডিজিটাল বাংলাদেশ” বিনির্মাণের মাধ্যমে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে রূপকল্প ঘোষণার দিনের (১২ ডিসেম্বর ২০০৮) গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে মন্ত্রিসভা বৈঠক ১২ ডিসেম্বরকে “ডিজিটাল বাংলাদেশ দিবস” হিসেবে পালনের অনুমোদন দেয়।

২। আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি)-তে এ দিবসের মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি প্রধান অতিথির আসন অলংকৃত করতে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। মন্ত্রিপরিষদ বিভাগের মাননীয় সদস্যবৃন্দ, মাননীয় সংসদ সদস্যবৃন্দ, বিদেশী কূটনৈতিকবর্গ, সরকারী/বেসরকারী পর্যায়ের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, দেশ-বিদেশী আইসিটি বিশেষজ্ঞ ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ মূল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। মূল অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্ত দেশের বিভিন্ন জেলা হতে মোট ১৫০০ জন নারী উদ্যোক্তা ও ৫০০ জন পুরুষ উদ্যোক্তাগণ ঢাকায় আগমন করবেন। তাদের সাময়িক থাকাসহ অন্যান্য কার্যাদি সম্পন্নের নিমিত্ত বাণিজ্য মেলার মাঠে তাবু প্রস্তুত করার জন্য মাননীয় প্রতিমন্ত্রী, আইসিটি বিভাগ নির্দেশনা প্রদান করেছেন। সে লক্ষ্যে বাণিজ্য মেলার নির্ধারিত স্থানে তাবু স্থাপনসহ আগত বাসসমূহ রাখার জন্য গণপূর্ত অধিদপ্তরের অনুমতিসহ সার্বিক সহযোগিতা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উদ্বোধনের অংশ হিসেবে বাণিজ্য মেলা প্রাঙ্গণের নির্ধারিত স্থানে তাবু স্থাপনসহ আগত বাসসমূহ রাখার অনুমতিসহ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ’ল।

উল্লেখ্য, দিবসটি উদ্বোধনের সার্বিক বিষয়ে যোগাযোগের জন্য নিম্নবর্ণিত ২ জন কর্মকর্তা দায়িত্ব পালন করবেনঃ

(ক) জনাব মোঃ ফিরোজ সরকার, উপ পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর - ফোকাল পয়েন্ট  
মোবাইল-০১৭১১১৯৭০৮৮; ই-মেইল-sarkerfiroz@yahoo.com

(খ) সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-  
সহকারী ফোকাল পয়েন্ট, মোবাইল-০১৯১৮১০১৮৮৫; ই-মেইল-dbd2019.secretariat@gmail.com

প্রধান প্রকৌশলী  
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ড. মুহম্মদ মেহেদী হাসান  
উপসচিব

ফোন: ৫৫০০৬৮৫৮

ই-মেইল: mehedi@ictd.gov.bd

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, রপ্তানী উন্নয়ন ব্যুরো।
- ২। মহাপরিচালক, র‍্যাভ ফোর্সেস সদর দপ্তর, কার্গো অ্যাডমিন বিল্ডিং, শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আগারগাঁও, ঢাকা।
- ১০। অফিস কপি।